

# যুগ্মাত্ম

## সৃজনী প্রকাশকের বিরুদ্ধে ইবি শিক্ষকের মামলা

প্রকাশ : ১৬ নভেম্বর ২০১৯, ২১:৫৫ | অনলাইন সংস্করণ

ইবি প্রতিনিধি



সংবাদ সংযোগ। ছবি: সংগ্রহীত

ভারতের বইমেলায় 'সৃজনী প্রকাশনী' থেকে প্রকাশিত 'দ্য গ্রেট মিথোলজি' শিরোনামে একটি বই প্রকাশ করা হয়। ওই বইয়ের লেখক হিসেবে ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) বাংলা বিভাগের প্রফেসর ড. মনজুর রহমানের নাম ব্যবহার করার অভিযোগ উঠেছে। খোঁজ নিয়ে জানা গেছে, ওই বইটির সঙ্গে 'গ্রিক পুরান কথা শিরোনামে' ১৯৬০ সালে তুলিকলম থেকে প্রকাশিত সুধাংশু রঞ্জন ঘোষের লেখা বইয়ের মিল

পাওয়া গেছে। বইটি ভারতে প্রকাশ হলে ভারতীয় এক পাঠক বইটির সঙ্গে শুধাংশু ঘোষের বইয়ের লেখার হ্বহ মিল আছে এমন বেশ কয়েকটি পৃষ্ঠার ছবি তুলে ফেসবুকে একটি স্ট্যাটাস দেন। এর পর থেকে লেখক ও পাঠক সমাজে ব্যাপক সমালোচনার সৃষ্টি করে।

এদিকে 'দ্য গ্রেট মিথোলোজি' পুস্তকে নিজের স্বত্ত্ব নেই দাবি করে সৃজনী প্রকাশকের বিকলন্দে মামলা করেছেন ইবি শিক্ষক ড. মনজুর রহমান। ১৪ নভেম্বর তিনি বিনাইদহ সদরের বিজ্ঞ সহকারী জজ আদালত এই মামলা দায়ের করেন। মামলায় স্বত্ত্বাধিকারী সৃজনী প্রকাশনীর প্রকাশক মশিউর রহমানকে বিবাদী করা হয়েছে।

তিনি দাবি করেন, স্বত্ত্বাধিকারী সৃজনী প্রকাশনী ৪০/৪১ আহাম্মদ কমপ্লেক্স'র ঢাকা-১১০০ কর্তৃক প্রকাশিত 'দ্য গ্রেট মিথোলোজি' পুস্তকের লেখকের নামের জায়গায় আমার নাম ব্যবহার করা হয়। কিন্তু এই বইয়ের লেখক আমি কোনো দিনই ছিলাম না বা তাদের কাছে কোনো পাঞ্জলিপি জমা দেইনি। কে বা কারা আমার নাম ব্যবহার করে প্রকাশকের সঙ্গে এক্যুতায় ঘড়যন্ত্রমূলকভাবে প্রকাশ করেছে।

আর অন্য কারোর বই ঘড়যন্ত্র করে আমার নামে চালিয়ে দেয়ায় ইকুইটি মতে বা এস. আর অ্যাট-এর ৪২ ধারায় মামলা করোছি।

শনিবার বিশ্ববিদ্যালয়ের প্রেস কর্ণরে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে তিনি এ সব কথা বলেন।

জানা গেছে, তিনি ইতিপূর্বে সৃজনী প্রকাশনা থেকে তার কয়েকটি বই প্রকাশ করেন। ওই প্রকাশকের সঙ্গে তার ঘনিষ্ঠতা ও স্বত্ত্ব রয়েছে বলেও জানান ড. মনজুর রহমান।

এ বিষয়ে সৃজনী প্রকাশক মশিউর রহমান বলেন, লেখকের নামের বিষয়টি ভুলবশত হয়েছে। বইটি প্রকাশের সময় আমি ভারতে ছিলাম। যার ফলে আমার ম্যানেজার ভুলবশত বইটির লেখকের জায়গায় অধ্যাপক ড. মনজুর নাম দিয়েছে। তবে আমি বাংলাদেশ এসে বইটি ডেস্ট্রয় (ধ্বংস) করে দিয়েছি। বর্তমানে কেউ বইটি খুঁজে পাবে না। তাছাড়া এ ঘটনার জন্য আমি ড. মনজুর কাছে মোবাইলে দুঃখ প্রকাশ করেছি।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিস্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।